

মেহেরপুর সদর উপজেলা মৎস্য বিভাগের ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP)

উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়নের বিষয়ঃ মৎস্য খামারীদের ব্যাংক ঋণ প্রাপ্তির পথ সহজীকীকরণ

উদ্ভাবন প্রস্তাব (উদ্ভাবনের সংক্ষিপ্ত শিরোনাম)	মৎস্য খামারীদের ব্যাংক ঋণ প্রাপ্তির পথ সহজীকীকরণ
উদ্ভাবন পূর্ববর্তী সমস্যা: (যে সমস্যা সমাধানের জন্য প্রস্তাবিত উদ্ভাবন করা হয়েছে তার বর্ণনা)	<ol style="list-style-type: none"> ১. অধিকাংশ মৎস্য খামারীর মূলধন তৈরিতে ঋণ প্রয়োজন কিন্তু ব্যাংকে যেতে ভয় পায়। ২. ব্যাংক কর্তৃপক্ষ প্রকৃত মৎস্য খামারীর পরিচয় জানে না। ৩. যে ঋণ পরিশোধের ক্ষমতা রাখে তাকে ঋণ প্রদানে ব্যাংক কর্তৃপক্ষ উৎসাহ পায় এমনকি মৎস্য চাষি ছাড়াও মৎস্য খাতের ঋণ তাদের প্রদান করা হয়। ৪. মৎস্য খামারী বানিজ্যিক চাষের ইচ্ছা আছে কিন্তু মূলধনের অভাবে অধিকাংশ খামারী বানিজ্যিক চাষে আসছে না ফলে উৎপাদন কমে যাচ্ছে। ৫. ব্যাংক কর্তৃক মৎস্য খাতে যে ঋণ প্রদান করা হয় তা উক্ত খাতে ব্যয় করা হচ্ছে কি না তার তদারকি নেই, বন্ধে চলে ফলে সরকারের উদ্দেশ্য বাস্তবায়নে দারুণভাবে ব্যহত হচ্ছে।
সমস্যার সমাধান: (চিহ্নিত সমস্যা সমাধানে গৃহীত প্রক্রিয়ার সংক্ষিপ্ত বর্ণনা)	<ol style="list-style-type: none"> ১. টীমে উদ্ভাবনী প্রস্তাব পর্যালোচনা। ২. সমগ্র প্রকল্পের এক নজরে পরীকল্পনা প্রণয়ন। ৩. ইউনিয়ন ওয়ারি ঋণ নিতে আগ্রহী মৎস্য খামারীদের তালিকা প্রণয়ন। ৪. প্রতি মাসে উপজেলা কৃষি ঋণ কমিটিতে উক্ত তালিকা থেকে কমপক্ষে ১৫ জন খামারীর নাম উপস্থাপন ও খামারী ব্যাংক ওয়ারি বিভাজন করে শাখা প্রধানকে ঋণ প্রদানে অনুরোধ করা এবং সেটা জেলা কৃষি ঋণ কমিটিতে প্রেরণ। ৫. এছাড়া “মৎস্য খামারীর ঋণ প্রদান” শিরোনামে খামারীর নাম ঠিকানা সম্বলিত পত্র ব্যাংকের শাখা প্রধানের ব্যক্তিগত মনোযোগ আকর্ষণের প্রেরণ এবং ফলোআপ নেওয়া তাছাড়া শাখা প্রধানকে খামার পরিদর্শনে উৎসাহ প্রদান। ৬. প্রতি মাসে কত জন মৎস্য খামারীকে ঋণ প্রদান করা হয়েছে? খামারীর নামসহ উপজেলা ঋণ কমিটিতে উপস্থাপন নিশ্চিত করা। ৭. অর্জিত অগ্রগতি টেকসইকরণে পদ্ধতিগত ব্যবস্থা গ্রহণ।
সমাধানের বৈশিষ্ট্য: *নতুনত্ব(Novelty): সেবা প্রদান প্রক্রিয়ায় গৃহীত কার্যক্রম কোন উল্লেখযোগ্য পরিবর্তন/উন্নতি সাধন করেছে কিনা?	উপজেলা ঋণ কমিটিতে শুধু স্বাভাবিক ঋণ সংক্রান্ত আলোচনা হয় এবং ব্যাংকের কর্মকর্তারা যে ঋণ প্রদান করেন বা আদায় করেন সেগুলো আলোচনা হয় কিন্তু খামারীদের মূলধন সৃষ্টি ও গৃহীত ঋণ সঠিক কাজে ব্যয় হচ্ছে কিনা তার কোন আলোচনা বা পদক্ষেপ গ্রহন করা হয় না।
কার্যকারিতা(Effectiveness): গৃহীত কার্যক্রম সুনির্দিষ্ট সেবা গ্রহীতা শ্রেণীর চাহিদা পূরণে সক্ষম কিনা? কারা উপকৃত হয়েছেন? সেবাগ্রহীতা উপকৃত(benefitted) হয়েছেন কিনা?	অবশ্যই সক্ষম। একমাত্র মৎস্য খামারী উপকৃত হয়েছেন। এই ধরনের আইডিয়ার ফলে মৎস্য খামারীদের মূলধন তৈরি হয় এবং বানিজ্যিক চাষে উদ্বুদ্ধ হবে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে।
*তাৎপর্য(Significance): গৃহীত কার্যক্রম স্থানীয় সমস্যা হ্রাসকরণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে কিনা? এটি ব্যবস্থাপনার বা সমস্যা সমাধানের সাংগঠনিক কর্মপরিবেশ বা প্রথাগত দৃষ্টিভঙ্গিতে কোন পরিবর্তন এনেছে কিনা?	এই কার্যক্রমের ফলে খামারীদের ব্যাংকে প্রবেশের যে ভয় সেটা নিরসন হয়েছে, ব্যাংক কর্মকর্তারা মৎস্য বিভাগের প্রতিনিধিসহ খামার পরিদর্শন করছে উপজেলা কৃষি ঋণ কমিটি থেকে ঋণ গ্রহনে আগ্রহী খামারীদের স্বাক্ষরিত তালিকা বিভিন্ন ব্যাংকে বিভাজন করে দেওয়া হচ্ছে ফলে মৎস্য খামারীরা খুবই সহজে ব্যাংক ঋণ পাচ্ছে।
*টেকসই ক্ষমতা(Sustainability): গৃহীত কার্যক্রমের মাধ্যমে প্রদত্ত সেবা স্থায়ী বা টেকসই কিনা? উদ্ভাবিত সমাধান স্থায়ী অফিসে নির্বিঘ্নে চালু রয়েছে কিনা?	গৃহীত কার্যক্রমের মাধ্যমে প্রদত্ত সেবা অবশ্যই স্থায়ী বা টেকসই হবে। কার্যক্রম বাস্তবায়ন ৩০% হতে না হতে সেবা গ্রহীতার সুবিধা পেতে শুরু করেছে। এটি ১০০% সমাপ্ত হলে সকল খামারী মৎস্য অফিসের ছাতার নিচে আসবে মর্মে শতভাগ বিশ্বাস করা যাচ্ছে।

<p>*অন্যত্র বাস্তবায়ন যোগ্যতা(Replicability): গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্য কোন প্রতিষ্ঠান গ্রহণ করেছে কিনা? গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্যান্য নীতিনির্ধারণী ক্ষেত্রে তা মডেল হিসেবে গ্রহণ করার যোগ্য কিনা?</p>	<p>এধরনের কার্যক্রম কোন প্রতিষ্ঠান গ্রহণ করেনি মর্মে জানা যায়। গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্যান্য নীতিনির্ধারণী ক্ষেত্রে তা মডেল হিসেবে গ্রহণ করার যোগ্য।</p>
<p>উদ্ভাবন উদ্যোগ গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ: উদ্ভাবন প্রস্তাব বিদ্যমান আইন ও বিধিবিধানের লঙ্ঘন করেছে কিনা? এই উদ্যোগের মাধ্যমে বিদ্যমান আইন ও পদ্ধতিতে জনসাধারণকে স্বল্প সময়ে ও ব্যয়ে হয়রানি মুক্তভাবে উন্নতমানের সেবা প্রদান সম্ভব কিনা?</p>	<p>উদ্ভাবন প্রস্তাব বিদ্যমান আইন ও বিধিবিধানের লঙ্ঘন করেনি। এই উদ্যোগের মাধ্যমে বিদ্যমান আইন ও পদ্ধতিতে মৎস্য খামারীকে মুক্তভাবে উন্নতমানের সেবা প্রদান সম্ভব।</p>

১৫/৩/২০২৩

(মোঃ গোলাম সরোয়ার)

পরিচিতি নং ০০৫২২

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

মেহেরপুর সদর, মেহেরপুর